

আগস্ট ২১, ২০১৯

ডিপিএসসিডি'র প্রিয় পিতামাতা এবং পরিবারবৃন্দ,


ডেট্রয়েট পাবলিক স্কুলস কমিউনিটি ডিস্ট্রিক্ট শিক্ষার্থী বা তার পরিবারের অভিবাসনের অবস্থা নির্বিশেষে সকল শিক্ষার্থীর বিনামূল্যে সরকারি শিক্ষা লাভের অধিকার সুরক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ। এ ছাড়াও আমরা ডিস্ট্রিক্ট-এর সকল স্কুলে এবং সাইটে সকল শিক্ষার্থী এবং পরিবারের প্রতি সহনশীলতা, অন্তর্ভুক্তি এবং সহৃদয়তার উন্নতি করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

আমাদের অভিবাসী শিক্ষার্থীদের এবং তাদের পরিবারসমূহকে সহায়তা করার জন্য এবং ফেডারেল অভিবাসন আইন প্রয়োগকারী সংস্থা আমাদের শিক্ষার্থীদের শিক্ষণের পরিবেশকে যাতে বাধাগ্রস্ত না করতে পারে, সে লক্ষ্যে সম্প্রতি বোর্ড অব এডুকেশন **স্যাকচুয়ারি ডিস্ট্রিক্ট নীতিমালা** গ্রহণ করেছে।

স্কুলের কর্মচারীদের এই মর্মে নির্দেশ দেওয়া হয়েছে যে, ইউএস ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE), ইউএস কাস্টমস অ্যান্ড বর্ডার প্যাট্রোল (CBP), বা অন্য কোন ফেডারেল অভিবাসন আইন প্রয়োগকারী সংস্থাকে স্কুল ভবনে বা প্রাঙ্গনে এবং স্কুলের কোন অনুর্তানে যেন প্রবেশ না করতে না দেওয়া হয় বা আমাদের শিক্ষার্থীদের সম্পর্কে কোন তথ্য না দেওয়া হয়। ডিস্ট্রিক্ট অফিস অব দ্য জেনারেল কাউন্সেল এবং অফিস অব দ্য সুপারিন্টেন্ডেন্ট এ ধরনের যে কোন অনুরোধ পর্যালোচনা করবে এবং আমাদের শিক্ষার্থীদের বাধাহীন পরিবেশে শিক্ষা লাভের অধিকার রক্ষা করবে।

এই স্যাকচুয়ারি ডিস্ট্রিক্ট নীতিমালা আমাদের ডিপিএসসিডি'র পরিবারবৃন্দের মানসিক এবং শারীরিক নিরাপত্তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার মাধ্যমে আমাদের শিক্ষার্থীদের নিরাপত্তার সুরক্ষা নিশ্চিত করে। পূর্ণাঙ্গ নীতিমালার একটি কপি এই চিঠির সঙ্গে সংযুক্ত করা হল।

একান্ত বিশ্বস্ত,



ড. নিকোলাই ভিডি  
সুপারিন্টেন্ডেন্ট অব স্কুলস

সংযুক্তি

## Students Rise. We all Rise

ডিপিএসসিডি চাকরি ও ভর্তিসহ তাদের শিক্ষা কর্মসূচি এবং কার্যক্রমে জাতি, গাত্রবর্ণ, জাতীয়তা, লিঙ্গ, লৈঙ্গিক পছন্দ, ট্রান্সজেন্ডার পরিচিতি, প্রতিবন্ধিত্ব, বয়স, ধর্ম, উচ্চতা, ওজন, নাগরিকত্ব, বৈবাহিক বা পারিবারিক অবস্থা, সামরিক মর্যাদা, পূর্বসূরী, জেনেটিক তথ্য, বা অন্য কোন প্রকার আইনগত ভাবে সুরক্ষিত শ্রেণির ভিত্তিতে, বৈষম্য করে না। প্রশ্ন? উদ্বেগ? মিডিল রাইটস কো-অর্ডিনেটরকে (313) 240-4377 নম্বরে অথবা dpscd.compliance@detroitk12.org বা 3011 West Grand Boulevard, 14th Floor, Detroit MI 48202 ঠিকানায় যোগাযোগ করুন।